

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮ ১৫

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৪

### আগামীকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

আগামীকাল সকালে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং হলে ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ষ্ঠী উপলক্ষে রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে রাজ্য ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের সূচনা হবে। এই অনুষ্ঠানে কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সহ রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ, সাংসদগণ এবং উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত থাকবেন। আজ সন্ধ্যায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার এক সংবাদিক সম্মেলনে একথা জানান। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, অনুষ্ঠানে সমগ্র রাজ্য থেকে জনজাতি অংশের মানুষ অংশ নেবেন। এতে জনজাতিদের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্পের উপর আলোকপাত করা হবে। তিনি জানান, ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ষ্ঠী উপলক্ষে কেন্দ্রীয়ভাবে মূল অনুষ্ঠানটি হবে বিহারের জামুইতে।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে আগামীকাল সকাল ৭টা ৩০ মিনিটে একটি র্যালি বিবেকানন্দ ময়দান থেকে বের হয়ে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এসে মিলিত হবে। সন্ধ্যা ৫টা থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং হলে জনজাতি লোকনৃত্য ও লোকসংগীত নিয়ে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়াও রবীন্দ্র শতবার্ষিকী ভবন চতুরে সন্ধ্যা ৫টা থেকে জনজাতিদের বিভিন্ন খাবারের উপর একটি প্রদর্শনীরও আয়োজন করা হবে।

\*\*\*\*\*